


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন
পরিচালনা ভবন (লেভেল ৬-৭), ই-৫/সি-১ আগারগাঁও প্রশাসনিক এলাকা
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.smef.gov.bd



স্মারক: ৩৬.১২.০০০০.০০৮.২৩.০০১.২২-১৩০২(৪১)

বিষয়: জাতীয় ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা (এসএমই) উদ্যোক্তা পুরস্কার-২০২২ এর জন্য আবেদন প্রসঙ্গে।

কর্মসংস্থান সৃষ্টিসহ অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে বিশেষ অবদান রাখছেন কিংবা সৃজনশীল উদ্যোগ সৃষ্টির মাধ্যমে উদ্যোক্তা উন্নয়নে অনুকরণীয় দৃষ্টান্ত স্থাপন করেছেন কিংবা নিজের সফলতার পাশাপাশি অন্য উদ্যোক্তাদের সফলতা এবং স্থানীয়ভাবে উদ্যোক্তা উন্নয়নে বিশেষ ভূমিকা পালন করেছেন- দেশের বিভিন্ন অঞ্চলে ছড়িয়ে থাকা এ ধরনের অতিক্ষুদ্র (মাইক্রো), ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাকে স্বীকৃতি ও উৎসাহ প্রদানের লক্ষ্যে এসএমই ফাউন্ডেশন প্রতিবছর 'জাতীয় এসএমই উদ্যোক্তা পুরস্কার' প্রদান করে থাকে। স্বচ্ছ প্রক্রিয়া ও সুনির্দিষ্ট ক্রাইটেরিয়া অনুসরণ করে স্বাধীন জুরি বোর্ডের মাধ্যমে উদ্যোক্তা নির্বাচন করা হয়। পুরস্কারপ্রাপ্ত উদ্যোক্তাদের অনুকূলে নগদ অর্থসহ ফ্রেস্ট ও সনদপত্র প্রদান করা হয়। বিগত সময়ে মাননীয় প্রধানমন্ত্রী পুরস্কারপ্রাপ্ত উদ্যোক্তাদের হাতে পুরস্কার বিতরণ করেছেন।

০২। এ ধারাবাহিকতায় এসএমই ফাউন্ডেশন 'জাতীয় এসএমই উদ্যোক্তা পুরস্কার-২০২২' প্রদানের উদ্যোগ গ্রহণ করেছে। আগামী নভেম্বর-২০২২ এর শেষ সপ্তাহে অনুষ্ঠেয় জাতীয় এসএমই পণ্যমেলার উদ্বোধনী অনুষ্ঠানে এ পুরস্কার বিতরণ করা হবে। পুরস্কারের জন্য 'উৎপাদন অথবা সেবামূলক' ব্যবসার সাথে সংশ্লিষ্ট উদ্যোক্তাদেরকে বিবেচনা করা হবে। উল্লেখ্য, ট্রেডিং ব্যবসার সাথে সংশ্লিষ্ট উদ্যোক্তাদের পুরস্কারের জন্য বিবেচনা করা হবেনা। পুরুষ ও নারী উদ্যোক্তাদের পৃথকভাবে পুরস্কার প্রদান করা হবে। এছাড়া স্থানীয় একটি স্টার্টআপ এবং একজন সফল উদ্যোক্তাকে বিশেষ পুরস্কার প্রদান করা হবে। নিম্নে পুরস্কারের ক্যাটাগরি উল্লেখ করা হল:

১	বর্ষসেরা মাইক্রো উদ্যোক্তা (পুরুষ)	২	বর্ষসেরা মাইক্রো উদ্যোক্তা (নারী)
৩	বর্ষসেরা ক্ষুদ্র উদ্যোক্তা (পুরুষ)	৪	বর্ষসেরা ক্ষুদ্র উদ্যোক্তা (নারী)
৫	বর্ষসেরা মাঝারি উদ্যোক্তা (পুরুষ)	৬	বর্ষসেরা মাঝারি উদ্যোক্তা (নারী)
৭	বর্ষসেরা স্টার্টআপ	৮	বিশেষ উদ্যোক্তা পুরস্কার

০৩। আগ্রহী উদ্যোক্তাগণ বর্ণিত ক্যাটাগরির যেকোন একটি ক্যাটাগরিতে আবেদন করতে পারবেন। আবেদনপত্রসহ এবিষয়ে বিস্তারিত তথ্য এসএমই ফাউন্ডেশনের ওয়েবসাইট (www.smef.gov.bd) ও ভেরিফাইড ফেসবুক পেজ (SME Foundation) সহ আগারগাঁওস্থ এসএমই ফাউন্ডেশন কার্যালয় এবং বেগম রোকেয়া সরনি, শেওরাপাড়াস্থ ইনস্টিটিউট অব এসএমই ফাউন্ডেশন এ পাওয়া যাবে। নির্ধারিত ফরমে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় ডকুমেন্টসহ অনলাইন অথবা ইমেইলে (info@smef.gov.bd) কিংবা সরাসরি ফাউন্ডেশন কার্যালয়ে জমা প্রদান করা যাবে। আবেদনপত্র যথাসময়ে এবং যথাযথভাবে পূরণকৃত না হলে কিংবা আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় তথ্য ও ডকুমেন্ট সংযুক্ত না থাকলে আবেদন বাতিল বলে গণ্য করা হবে।

০৪। এমতাবস্থায়, আপনার জেলার আওতাভুক্ত এক বা একাধিক উদ্যোক্তা যদি আপনার/আপনাদের বিবেচনায় বর্ণিত পুরস্কারের জন্য যোগ্য মর্মে প্রতীয়মান হয়, তাহলে উক্ত উদ্যোক্তা/উদ্যোক্তাদের পূরণকৃত আবেদন প্রয়োজনীয় ডকুমেন্টসহ আগামী ৩১ আগস্ট ২০২২ তারিখের মধ্যে এসএমই ফাউন্ডেশন কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল। এছাড়া বিষয়টি আপনার আওতাধীন সকল উপজেলা ও ইউনিয়ন পরিষদ কার্যালয়সহ উদ্যোক্তা সংশ্লিষ্ট সরকারী-বেসরকারী প্রতিষ্ঠানগুলোকে অবহিত করে যোগ্য উদ্যোক্তাদের অবহিত ও আবেদনে উৎসাহিত করার জন্য সবিশেষ অনুরোধ করা হল। এবিষয়ে আপনার ব্যক্তিগত উদ্যোগ ও সহযোগিতা দেশে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তা এবং এখাতের সার্বিক উন্নয়ন ও বিকাশে অনুকূল ভূমিকা রাখবে মর্মে আমরা আন্তরিকভাবে বিশ্বাস করি।

সংযুক্তি: আবেদনপত্রের কপি।

(ড. মো. মফিজুর রহমান)
ব্যবস্থাপনা পরিচালক


প্রাপক:
জেলা প্রশাসক
জেলা প্রশাসকের কার্যালয়
খুলনা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা
(সাধারণ শাখা)
www.khulna.gov.bd

তারিখ: ০১ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ
১৬ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ০৫.৪৪.৪৭০০.০২২.১৮.২২৭.২২-৬১৩ (যুক্ত)

উপর্যুক্ত পত্রের অনুলিপি প্রেরণ করা হলো। পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


১৬-০৬-২২

ইসমত জাহান তুহিন

সহকারী কমিশনার

জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা

ফোন : ০২৪৭৭-৭২২০৯৮

e-mail: general.khulnadco@gmail.com

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. উপজেলা নির্বাহী অফিসার (সকল),.....খুলনা
২. পরিচালক, বিভাগীয় জেলা তথ্য অফিস, খুলনা (প্রচারের অনুরোধসহ)
৩. উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক), খুলনা
৪. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, খুলনা
৫. উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা
৬. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, খুলনা
৭. প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয় খুলনা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)